গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার।
www.rajnagar.moulvibazar.gov.bd

নম্বরঃ ০৫.৪৬.৫৮৮০.০০৯.০১.০০১.২৫-৭৮৮

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৬ খ্রিঃ

**"ফ্যামিলি কার্ড কর্মসূচি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রনালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচি "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট/২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর/২০২৬" তারিখ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে রাজনগর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার** নিয়োজিত করা হবে। আগ্রহী ও যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়স: ১৮-৪০ বছর।<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) শুদ্ধ বাংলায় সাবলীলভাবে লিখতে, পড়তে ও কথা বলতে সক্ষম।<br>চ) মাঠ পর্যায়ে শারীরিকভাবে কাজ ও তথ্য সংগ্রহ করতে সক্ষম। | ক) নারী প্রার্থী ৫০%।<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী।<br>গ) পূর্বে বিবিএস ও অন্য সংস্থার বিভিন্ন জরিপ কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারি, আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/চাকরি হতে বরখাস্ত বা দন্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ।<br>খ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন।<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত।<br>ঘ) ০২ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি। | ৮০ (আশি) জন। |
| ০২ | সুপারভাইজার | ক) ন্যূনতম স্নাতক ডিগ্রি বা সমমান পাস।<br>খ) বয়স: ২৫-৪৫ বছর।<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর।<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগের দক্ষতা। | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন।<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা।<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিতকরণ। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর।<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/চাকরি হতে বরখাস্ত বা দন্ডিত। | ঐ | ০৭ (সাত) জন। |

০২। আবেদন ফরম প্রাপ্তির স্থানঃ- (১) উপজেলা সমাজসেবা অফিস, রাজনগর, মৌলভীবাজার। (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর, মৌলভীবাজার এর ওয়েবসাইট এবং উপজেলা প্রশাসন, রাজনগর, মৌলভীবাজার এর সামাজিক যোগাযোগ মাধ্যম পেইজ।

০৩। আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ-

| ক্র. নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময়সূচি | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময়সূচি | আবেদন ফরম দাখিলের স্থান | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ০১ | ২২/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৪/০৭/২০২৬খ্রিঃ<br>সময় সকাল ০৯:০০ঘটিকা-বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৪/০৭/২০২৬খ্রিঃ<br>সময় সকাল ০৯:০০ঘটিকা-বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | উপজেলা সমাজসেবা কার্যালয়, রাজনগর, মৌলভীবাজার। | ২৬/০৭/২০২৬ খ্রিঃ<br>সকাল ১০:০০ ঘটিকা<br>উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার<br><br>(বিঃ দ্রঃ পরীক্ষার চূড়ান্তসূচি প্রার্থীদেরকে পরীক্ষার আগের দিন ফোনে জানানো হবে।) |

আজাদুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

বিপুল সিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

(২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করতে হবে।

(৩) মোবাইল, ইন্টারনেট, তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।

(৩) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি বা অবহেলা করা যাবে না।

(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না।

(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা করা বাধ্যতামূলক।

(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।

(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ।

(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও বিধি মোতাবেক আইনি ব্যবস্থা নেয়া হবে।

(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে।

(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য।

২১/০৭/২০২৬

বিপুল সিকদার
উপজেলা নির্বাহী কর্মকর্তা
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রাজনগর, মৌলভীবাজার।
ফোন: ০২৯৯৬৬৮৫২০২

নম্বরঃ ০৫.৪৬.৫৮৮০.০০৯.০১.০০১.২৫-৭৮৮

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুলাই ২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৭, মৌলভীবাজার-০৩ (মৌলভীবাজার সদর ও রাজনগর)।
২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
৪। সহকারী কমিশনার (ভূমি), রাজনগর, মৌলভীবাজার।
৫। অফিসার ইনচার্জ, রাজনগর থানা, রাজনগর, মৌলভীবাজার।
৬। জনাব........................................কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, রাজনগর, মৌলভীবাজার।
৭। জনাব........................................কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, রাজনগর, মৌলভীবাজার।
৮। উপজেলা .......................... কর্মকর্তা (সকল), রাজনগর, মৌলভীবাজার।
৯। চেয়ারম্যান/ভারপ্রাপ্ত চেয়ারম্যান/ইউপি সদস্য,................. ইউনিয়ন পরিষদ (সকল), রাজনগর, মৌলভীবাজার।
১০। জনাব ........................................
১১। অফিস কপি।

22.07.26

আজাদুর রহমান
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রাজনগর, মৌলভীবাজার।